

ভিসির পদত্যাগ করা উচিত

..... আওয়ামী লীগ, এমপিবৃন্দ
ইন্ডেক্স রিপোর্ট ৪ গতকাল রবিবার
আওয়ামী লীগের সংসদ সদস্যগণ এক যুক্ত
বিরুদ্ধে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার
(১৫শ পৃষ্ঠায় ৭-এর কঃ প্রঃ)

আওয়ামী লীগ এমপিবৃন্দ (প্রথম পৃষ্ঠার পর)

হলে পুলিশের হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ
জানিয়ে বলেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি,
প্রক্টর ও শিক্ষকগণ ছাত্রীদের আইনানুগ
মতিভাবক সত্ত্বেও একটি হলে ছাত্রীদের ওপর
এরকম বর্বর পুলিশী হামলার মত ঘটনা ঘটান
পর ভিসি দস্তাবেজ প্রকাশ করা ছাড়া ঘটনার
প্রতিকারের কোন ভাবস্বপ্নিক ব্যবস্থা নিতে
পারেনি। তাই বিশ্ববিদ্যালয় প্রশাসনের দায়িত্ব
থেকে বেচ্ছন্ন পদত্যাগ করে সমস্ত ঘটনার
দায়-দায়িত্ব নিজেকে স্বীকার করে এ কলংকজনক
অধ্যায় থেকে তার মুক্তি নেয়া উচিত ছিল।
আওয়ামী লীগ এমপিগণ বিরুদ্ধে ভিসি ও
সংশ্লিষ্ট সকলের ব্যর্থতার জন্য তাদের বিরুদ্ধে
আইনানুগ ব্যবস্থা নেয়ার জন্য সরকারের প্রতি
জোর দাবী জানান। বিরুদ্ধে শামসুন্নাহার
হলের ছাত্রী ও প্রভোষ্টের বিরুদ্ধে মিথ্যা ও
হয়রানিমূলক মামলা অবিলম্বে প্রত্যাহার করে
অন্যায়ভাবে বিশ্ববিদ্যালয়ের সকল কার্যক্রম
বন্ধ করার সিদ্ধান্ত প্রত্যাহার এবং বিশ্ববিদ্যালয়
অবিলম্বে খুলে দেয়ার দাবী জানান হয়। একই
সাথে আওয়ামী লীগের এমপিগণ শামসুন্নাহার
হলে পুলিশী হামলার ঘটনায় জড়িতদের
বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানান।

এদিকে আওয়ামী লীগের
সভাপতিমন্ডলীর সভায় বলা হয়েছে পুলিশী
হামলার জন্য দায়ী উপাচার্য, প্রক্টরসহ ঘটনার
সাথে জড়িতদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা
গ্রহণ করা না হলে উদ্ভূত পরিস্থিতির সকল
দায়-দায়িত্ব সরকারকেই বহন করতে হবে।
গতকাল রবিবার ধানমন্ডিস্থ আওয়ামী লীগ
কার্যালয়ে দলের সভাপতিমন্ডলীর সভায় এ
আহ্বান জানানো হয়। সভায় সভাপতিত্ব
করেন ভারপ্রাপ্ত সভাপতি আবদুস সামাদ
আজাদ এমপি।